

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৯১৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ অসুখ-বিসুখ মানুষের পাপসমূহ মোচন করে দেয়, যদিও অসুস্থততা সামান্য হয়

ذَكَرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَاضَ وَالْأَسْقَامَ تَكْفِّرُ خَطَايَا الْمَرْءِ الْمُسْلِمِ وَإِنْ قَلَّتْ

আরবী

2917 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ سَعْدِ بْنِ إِسْحَاقَ بْنِ كَعْبٍ قَالَ: حَدَّثَنِي زَيْنَبُ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: أَنَّ رَجُلًا مِنَ الْمُسْلِمِينَ قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَأَيْتَ هَذِهِ الْأَمْرَاضَ الَّتِي تُصِيبُنَا مَاذَا لَنَا مِنْهَا؟ فَقَالَ: (كَفَّارَاتٌ) فَقَالَ: أَيُّ رَسُولَ اللَّهِ وَإِنْ قَلَّتْ قَالَ: (وَإِنْ شَوْكَةً وَمَا فَوْقَهَا) قَالَ: فَدَعَا عَلَى نَفْسِهِ أَنْ لَا يُفَارِقَهُ الْوَعَكُ حَتَّى يَمُوتَ وَأَنْ لَا يَشْغَلَهُ عَنْ حَجٍّ وَلَا عَنْ عَمْرَةٍ وَلَا جِهَادٍ فِي سَبِيلِ اللَّهِ وَلَا صَلَاةٍ مَكْتُوبَةٍ فِي جَمَاعَةٍ قَالَ: فَمَا مَسَّ إِنْسَانٌ جَسَدَهُ إِلَّا وَجَدَ حَرَهَا حَتَّى مَاتَ.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2917 | خلاصة حكم المحدث: حسن - ((التعليق الرغيب)) (4/

153).

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: زَيْنَبُ هَذِهِ هِيَ بِنْتُ كَعْبِ بْنِ عُجْرَةَ وَالَّذِي دَعَا عَلَى نَفْسِهِ هُوَ أَبِيُّ بْنُ كَعْبٍ.

বাংলা

২৯১৭. আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “মুসলিমদের মাঝে এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমাদের এই যে অসুখ-বিসুখ হয়, এতে আমাদের পাওনা কী?” তখন তিনি বলেন, “(এগুলো পাপের) কাফফারা।” সে ব্যক্তি আবার জিজ্ঞেস করেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, যদি তা অল্প হয়?” জবাবে তিনি বলেন, “যদিও সেটা কাঁটা বা তার চেয়ে ছোট/বড় হয়।”

অতঃপর সে নিজের ব্যাপারে বদ-দু‘আ করলো এই ব্যাপারে যে, মৃত্যু অবধি যেন তার অসুস্থতা না ছাড়ে এবং অসুস্থতা যেন তাকে হজ্জ, উমরা, আল্লাহর পথে জিহাদ এবং জামা‘আতে সালাত আদায়ে প্রতিবন্ধকতা সৃষ্টি না করে।”

রাবী বলেন, “এরপর মৃত্যু অবধি কোন ব্যক্তি তার শরীর স্পর্শ করলে, তাতে তাপ অনুভব করতো।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “অত্র হাদীসের রাবী যাইনাব হলেন যাইনাব বিনতু কা‘ব বিন উজরাহ। আর যিনি নিজের ব্যাপারে বদ-দু‘আ করেছিলেন, তিনি হলেন উবাই বিন কা‘ব রাঈয়াল্লাহু আনহু।”

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়াল্লা: ৯৯৫; মুসনাদ আহমাদ: ৩/২৩।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/১৫৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92247>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন